# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬০৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যেই কারণে শনিবার সিয়াম রাখা নিষেধ, সেটার বর্ণনা এবং শনিবারের সাথে আরেক দিন সিয়াম রাখলে সেটা জায়েয হবে মর্মে বর্ণনা

## كر العلة التي من أجلها نهي عن صِيَامِ يَوْمِ السَّبْتِ مَعَ الْبَيَانِ بِأَنَّهُ إِذَا قُرِنَ بِيَوْمٍ آخَرَ جَازَ صَوْمُهُ

---

আরবী

3607 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنْصُورٍ الْمَرْوَزِيُّ زَاجٌ قَالَ: حَدَّثَنَا سَلَمَةُ بْنُ سُلَيْمَانَ قَالَ: أَخْبَرَنَا ابْنُ الْمُبَارَكِ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عُمَرَ بْنِ عَلِيٍّ عَنْ أَبِيهِ: أَنَّ كُرَيْبًا مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَخْبَرَهُ: أَنَّ ابْنَ عَبَّاسٍ وَنَاسًا مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بَعَثُونِي إِلَى أُمِّ سَلَمَةَ أُسَائِلُهَا عَنْ أَيِّ الْأَيَّامِ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَكْثَرَ لِصِيَامِهَا؟ فَقَالَتْ: يَوْمَ السَّبْتِ وَالْأَحَدِ فرجعتُ إِلَيْهِمْ فَأَخْبَرْتُهُمْ فَكَأَنَّهُمْ أَنْكَرُوا ذَلِكَ فَقَامُوا بِأَجْمَعِهِمْ إِلَيْهَا فَقَالُوا: إِنَّا بَعَثْنَا إِلَيْكِ هَذَا فِي كَذَا وَكَذَا وَذَكَرَ أَنَّكِ قُلْتِ كَذَا فَقَالَتْ: صَدَقَ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَكْثَرُ مَا كَانَ يَصُومُ مِنَ الْأَيَّامِ يَوْمُ السَّبْتِ وَالْأَحَدِ وَكَانَ يَقُولُ: (إِنَّهُمَا عِيدَانِ لِلْمُشْرِكِينَ وَأَنَا أُرِيدُ أَن أُخَالِفَهُمْ)
الراوي : كُرَيْب مَوْلَى ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3607 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((الضعيفة)) (1099).

বাংলা

৩৬০৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার আজাদকৃত দাস কুরাইব বলেন, “একবার আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কয়েকজন সাহাবী আমাকে উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহার কাছে পাঠান এটা জিজ্ঞেস করার জন্য যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কোন

দিন সবচেয়ে বেশি সিয়াম রাখতেন?” উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “শনিবার ও রবিবার।” অতঃপর আমি তাদের কাছে গিয়ে বিষয়টি অবহিত করি। অতঃপর তারা যেন বিষয়টি অস্বীকার করলেন। অতঃপর তারা সবাই তাঁর কাছে যাওয়ার উদ্দেশ্যে দাঁড়ান অতঃপর তারা তাকে বলেন, “আমরা আপনার কাছে এই ব্যক্তিকে এই এই বিষয়ে জানার জন্য পাঠিয়েছিলাম, এবং সে বলেছে যে, আপনি নাকি এমন এমন বলেছেন! উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “সে সত্যই বলেছে। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শনিবার ও রবিবার বেশি সিয়াম রাখতেন এবং তিনি বলতেন, “এই দুটি দিন মুশরিকদের ঈদের দিন আর আমি তাদের বিপরীত করতে চাই।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১৬৭; মুসনাদ আহমাদ: ৬/৩২৩-৩২৪; তাবারানী: ২৩/৬১৬; হাকিম: ১/৪৩৬; সুনান বাইহাকী: ৪/৩০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফা: ১০৯৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92943

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন